



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬১.০০.২৭৮.১৩-৩৮৩৩

তারিখঃ ২৮/০৮/২০১৬ খ্রিঃ

জনাব মোঃ হাফিজুর রহমান  
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা  
ইরেসপো, বিআরডিবি  
মুলাদি, বরিশাল।  
বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত)” প্রকল্পের মূল উদ্দেশ্য দরিদ্র মহিলাদের সংগঠিত করে আইজিএ ভিত্তিক প্রশিক্ষণ ও প্রশিক্ষণোত্তর সহায়তা প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের ব্যবস্থা করা। কিন্তু আপনি সঠিক সদস্য চিহ্নিত না করে স্বাবলম্বীদের প্রশিক্ষণ প্রদান করেছেন তাই তারা ঋণ গ্রহণে আগ্রহী নয়। এতে সরকারী অর্থের অপচয়ের পাশাপাশি অনেক দরিদ্র মহিলা বঞ্চিত হয়েছেন। বাস্তবিক অর্থে আপনি ১০১৫ জন সদস্যের মাঝে ২৯০ জন সদস্যকে ঋণ প্রদান করেছেন এর ফলে ঋণ খাতে প্রায় ৪০.০০ লক্ষ টাকা অব্যয়িত রয়েছে। আপনি বলেছেন সফটওয়্যারে একজন সদস্য একাধিকবার ঋণ গ্রহণ করলে তা একবারই প্রদর্শন করে এবং ম্যানুয়াল হিসাবে ৬৪৬ জন সদস্য ঋণ গ্রহণ করেছে। আপনি এ ধরনের তথ্য দিয়ে কর্তৃপক্ষকে বিভ্রান্তিকর পরিস্থিতিতে ফেলার অপচেষ্টা করেছেন।

২। এছাড়া আপনাকে প্রকল্প দপ্তরের স্মারক নং ৩৮৬৪ তারিখঃ ২৫/০৭/২০১৬ খ্রিঃ মূলে ব্যাখ্যা তলব করা হলে আপনি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে না দিয়ে সরাসরি প্রকল্প পরিচালক বরাবর জবাব প্রেরণ করেছেন যা অফিস শৃঙ্খলা পরিপন্থী।

৩। এমতাবস্থায়, অফিস শৃঙ্খলা পরিপন্থী আচরন, কর্তৃপক্ষকে বিভ্রান্তিমূলক তথ্য প্রদান এবং সরকারী অর্থের অপচয় করে স্বাবলম্বীদের প্রশিক্ষণ প্রদান করার জন্য কেন আপনার বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ০৭ কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর দাখিলের জন্য বলা হলো।

স্বাক্ষরিত/-

২৮/০৮/২০১৬ খ্রিঃ


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক, ইরেসপো  
বিআরডিবি, ঢাকা।

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬১.০০.২৭৮.১৩-৩৮৩৩

তারিখঃ ২৮/০৮/২০১৬ খ্রিঃ

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। উপ-পরিচালক, বিআরডিবি, জেলাঃ বরিশাল।
- ২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ মুলাদি, জেলাঃ বরিশাল।
- ৩। প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৪। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৬। অফিস কপি।

  
আরিফুল হক

উপ প্রকল্প পরিচালক  
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।